গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.২৩.০০৩.১৭.৮৫৮ তারিখ: ১৬ আশ্বিন ১৪২৮
০১ অক্টোবর ২০২১

বিষয়: **বিভাগীয়/জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন প্রসঙ্গে।**

সূত্র: গৃহায়ন ও গণপুর্ত মন্ত্রণালযের স্মারক নং- ২৫.০০.০০০০.০১৯.০১.১৬.২০১৯-৩৮২, তারিখ: ২৯/০৮/২০২১

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বিশ্ব বসতি দিবস-২০২১” উদযাপন উপলক্ষ্যে বিভাগীয় কমিশনারের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মযাদায় উদযাপনের জন্য উন্নয়ন কর্তৃপক্ষসমূহকে এবং জেলা পযায়ে জেলা প্রশাসনের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মযাদায় উদযাপনের জন্য গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সেপ্রেক্ষিতে অত্র অধিদপ্তরের আঞ্চলিক অফিস সমুহকে তাহাদের বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার/উন্নয়ন কর্তৃপক্ষ এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক/গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীর সহিত সমন্বয় করে দিবসটি পালনের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থ পত্রের কপি।



১-১০-২০২১
মোঃ সাইফুর রহমান
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

বিতরণ :
১) সিনিয়র প্ল্যানার, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
২) সিনিয়র প্ল্যানার , খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা
৩) সিনিয়র প্ল্যানার , বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল
৪) সিনিয়র প্ল্যানার , কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার
৫) সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.২৩.০০৩.১৭.৮৫৮/১(৪) তারিখ: ১৬ আশ্বিন ১৪২৮
০১ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর

২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর

৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১-১০-২০২১

মোক্তার আলম

প্রশাসনিক কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

বিষয়: "বিশ্ব বসতি দিবস ২০২১" উদযাপন উপলক্ষে "বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন সংক্রান্ত উপকমিটি"র Zoom Apps এর মাধ্যমে অনুষ্ঠিত (ভার্চুয়াল) সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | পলাশ কান্তি বালা, অতিরিক্ত সচিব (অডিট), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ | : | ২৬ আগস্ট, ২০২১ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | : | কমিটির সদস্যগণ Zoom Apps এর মাধ্যমে (ভার্চুয়াল) সভায় যুক্ত হন। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার পটভূমি বর্ণনায় সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, ১৯৮৬ সাল থেকে বাংলাদেশসহ বিশ্বের প্রতিটি দেশে অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব বসতি দিবস পালিত হয়ে আসছে। এ বছর বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য বিষয় "Accelerating Urban action for a Carbon-free world."।

সভাপতি আরো উল্লেখ করেন যে, দিবসটি উপলক্ষে বিভিন্ন সভা, সেমিনার, সিম্পোজিয়ামের মাধ্যমে গণসচেতনামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। তিনি উল্লেখ করেন, বিশ্ব বসতি দিবসটি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিজস্ব অনুষ্ঠান। কাজেই এ মন্ত্রণালয়ের আওতাভূক্ত সকল দপ্তর/সংস্থাকে প্রতিটি বিভাগীয়/ জেলা পর্যায়ে দিবসটি পালনের জন্য অগ্রনী ভূমিকা পালন করতে হবে। জনপ্রতিনিধি, জেলা প্রশাসন, বিভাগীয় প্রশাসন, ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ সবার সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় ও জাকজমকপূর্ণভাবে দিবসটি পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থিত সকলে সভাপতি মহোদয়ের সাথে একমত পোষন করেন এবং স্ব স্ব ক্ষেত্রে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

বিশ্ব বসতি দিবস উদযাপন উপলক্ষে গত ০৫ আগস্ট ২০২১ তারিখের এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ৫.৬ উপানুচ্ছেদে গঠিত "বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন সংক্রান্ত উপ কমিটি"র কার্যপরিধি উল্লেখ করা হয়েছে :

(ক) বিভাগীয় পর্যায়ে এবং জেলা পর্যায়ে দিবসটি উদযাপনের জন্য বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ;

(খ) উন্নয়ন কর্তৃপক্ষসমূহকে বিভাগীয় কমিশনারগণের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য নির্দেশনা প্রদান;

(গ) জেলা পর্যায়ে জেলা প্রশাসনের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান।

সিদ্ধান্ত :

(ক) বিভাগীয় পর্যায়ে এবং জেলা পর্যায়ে দিবসটি উদযাপনের জন্য বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়;

(খ) বিভাগীয় কমিশনারের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য উন্নয়ন কর্তৃপক্ষসমূহকে নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

(গ) জেলা পর্যায়ে জেলা প্রশাসনের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদানের জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(পলাশ কান্তি বালা)
অতিরিক্ত সচিব (অডিট),
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (অডিট), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৩। সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

৪। উপ প্রধান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

৫। চেয়ারম্যান, চউক/রাউক/খুউক/কউক।

৬। সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর : ২৫.০০.০০০০.০১৯.০১.১৬.২০১৯-৩৮২

তারিখঃ ১৪ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
২৯ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। অতিরিক্ত সচিব (অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

২৯/৮/২০২১

(লুৎফুন নাহার)
উপ সচিব